সংবাদ

তারিখ 27 DEC 2016
পৃষ্ঠা ২৫ কলাম ৬

# প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক হলেন আবু হেনা মোস্তফা কামাল

নিজস্ব বার্তা পরিবেশক

প্রাথমিক শিক্ষা অধিদফতরের নতুন মহাপরিচালক ও সড়ক পরিবহন কর্তৃপক্ষের (বিআরটিএ) নতুন চেয়ারম্যান নিয়োগ দিয়েছে সরকার। জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে গতকাল এ নিয়োগ দিয়ে আদেশ জারি করা হয়।

প্রাথমিক শিক্ষা অধিদফতরের নতুন মহাপরিচালক নিয়োগ পেয়েছেন অতিরিক্ত সচিব আবু হেনা মোস্তফা কামাল। তাকে গত ১৫ ডিসেম্বর শ্রম পরিদফতরে পরিচালক হিসেবে বদলি করা হয়েছিল। আগের সেই আদেশটি বাতিল করা হয়েছে। গত ১৫ ডিসেম্বর প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক মো. আলমগীরকে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত সচিব করা হয়।

আর বিআরটিএ'র নতুন চেয়ারম্যান হয়েছেন সংস্থাটির পরিচালক (অতিরিক্ত সচিব) মসিউর রহমান।

পৃথক আদেশে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের একটি প্রকল্পের পরিচালক আমীর হোসেনকে পরিসংখ্যান ব্যুরোর মহাপরিচালক নিয়ো দেয়া হয়েছে।

এছাড়াও অন্য এক আদেশে অতিরিক্ত সচিব নজরুল ইসলামকে পরিকল্পনা কমিশনের ভারপ্রাপ্ত সদস্য করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওএসডি অতিরিক্ত সচিব সওদাগর মুস্তাফিজুর রহমানকে গ্রামীণ রাস্তায় ছোট ছোট সেতু কালভার্ট নির্মাণ প্রকল্পের পরিচালক হিসেবে নিয়োগ দেয়া হয়েছে।